Department of Education

অর্থ বছর 2027 কন্ট্র্যাক্টস্ ফর এক্সেলেন্স এবং ক্লাসে শিক্ষার্থী সংখ্যা হ্রাসের পরিকল্পনায় সম্পৃক্ততা

শিক্ষা বছর 2027 প্রস্তাবিত পরিকল্পনা _ ব্রংক্স

25 জুন, 2026

T40160 (Bangla)

কন্ট্রাক্টস্ ফর এক্সেলেন্স-এর (C4E) পটভূমি

- ফাউন্ডেশন এইড-এর অধীনে স্টেট-এর 2007-08 সালের কার্যকরী বাজেটের অংশ হিসেবে C4E আইন প্রতিষ্ঠা করা হয় এবং ফাউন্ডেশন এইড-এর একটি অংশ সুনির্দিষ্ট সীমাবদ্ধ উদ্দেশ্যে ব্যবহার করা আবশ্যক করে।

- ইংরেজিতে সীমিত দক্ষতা সম্পন্ন শিক্ষার্থী, দারিদ্র্যপীড়িত শিক্ষার্থী, এবং প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীসহ যেসব শিক্ষার্থীর শিক্ষাগত চাহিদা সর্বাধিক, তাদের সফলতা বৃদ্ধির জন্য C4E অনুযায়ী সুনির্দিষ্ট প্রোগ্রামসমূহের প্রতি অর্থায়ন বরাদ্দ করা আবশ্যক।

- 2022 সালে, C4E আইনটি ক্লাসে শিক্ষার্থীর সর্বোচ্চ সংখ্যা সম্পর্কিত অতিরিক্ত বাধ্যবাধকতা অন্তর্ভুক্ত করার জন্য সংশোধন করা হয়েছিল।

কন্ট্রাক্টস্ ফর এক্সেলেন্স-এর (C4E) পটভূমি

তহবিল অবশ্যই শুধুমাত্র উল্লেখিত উদ্যোগসমূহে ব্যয় করতে হবে। দৃষ্টান্ত হিসেবে, উদ্যোগ অনুযায়ী বিভিন্ন প্রোগ্রামের উদাহরণ, SED অনুমোদন সাপেক্ষে, নিচে অন্তর্ভুক্ত করা হয়েছে।

- **প্রদত্ত কাজে নিয়োজিত সময় (অতিরিক্ত শিক্ষা-নির্দেশনামূলক সময়)। উদাহরণ:** এক্সটেন্ডেড স্কুল ইয়ার (দীর্ঘায়িত শিক্ষা বছর), আফটার স্কুলে শিক্ষায়তনিক সহায়তা।
- **বহুভাষী শিক্ষার্থীদের (মাল্টিলিঙ্গুয়াল লার্নার) জন্য আদর্শ প্রোগ্রামসমূহ। উদাহরণ:** লাইব্রেরিতে দ্বিভাষিক তথ্য-সংস্থানমূলক উপকরণ বৃদ্ধি করা।
- **পূর্ণ দিবসের প্রি-কিন্ডারগার্টেন এবং কিন্ডারগার্টেন। উদাহরণ:** পূর্ণ দিবসের প্রি-কিন্ডারগার্টেন 4K বাস্তবায়নের সাথে সম্পর্কিত ক্লাস (অতিরিক্ত স্টাফ) এবং/অথবা ব্যয় সংযোজন।
- **ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা কমানো। উদাহরণ:** শিক্ষার্থী/শিক্ষক সংখ্যার আনুপাতিক হার হ্রাস করতে শিক্ষক নিয়োগদান/শিক্ষকের বেতন প্রদান
- **শিক্ষক এবং প্রিন্সিপালের মান সংক্রান্ত উদ্যোগসমূহ। উদাহরণ:** উচ্চ চাহিদাযুক্ত এলাকাগুলোতে শিক্ষাদানে উচ্চ মানসম্পন্ন শিক্ষকদের জন্য একটি নগদ-ভিন্ন প্রণোদনা উদ্যোগ গঠন
- **মিডল/হাই স্কুল পুনর্গঠন। উদাহরণ:** অ্যাডভান্স প্লেসমেন্ট (উচ্চতর পাঠ্যক্রম) প্রোগ্রামগুলোতে অংশগ্রহণ বৃদ্ধি।
- **পরীক্ষামূলক প্রোগ্রামসমূহ,** যেগুলো বাস্তবায়নের আগে অবশ্যই SED দ্বারা অনুমোদিত হতে হবে।
- যোগ্য ব্যবহার এবং শর্তাবলী সম্পর্কে আরও তথ্য NYSED-এর ওয়েবসাইট: https://www.p12.nysed.gov/mgtserv/C4E/htm/researchandguide.html -এ পাওয়া যেতে পারে।

শিক্ষা বছর 2027-এর জন্য কন্ট্রাক্টস্ ফর এক্সেলেন্স (C4E)

- **2027 আর্থিক বছরে (FY 2027) C4E $269 মিলিয়ন বৃদ্ধি পেয়ে, $1.089 বিলিয়ন থেকে $1.358 বিলিয়ন হবে।**
  - এতে রয়েছে 2027 অর্থ বছরে (FY 2027) ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা হ্রাসের জন্য ব্যবহৃত নতুন অর্থায়নের $224 মিলিয়ন এবং বিদ্যমান অর্থায়নের $45 মিলিয়ন যা গত বছরের ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা হ্রাসের জন্য বরাদ্দের সাথে পর্যায়ক্রমে C4E হিসেবে যোগ হবে এবং ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা হ্রাসের জন্য অব্যাহতভাবে ব্যবহৃত হবে।

- **আর্থিক বছর 2027-এ (FY2027) প্রস্তাবিত বরাদ্দ $1.358 বিলিয়ন**
  - **স্বেচ্ছাধীন - $487 মিলিয়ন।**
    - এই তহবিলগুলো স্কুলগুলোতে বরাদ্দ করা হয় এবং স্কুলের বিবেচনা সাপেক্ষে যেকোনো উপযুক্ত C4E উদ্দেশ্যে ব্যবহার করা যেতে পারে। পূর্ববর্তী স্লাইডে ব্যবহৃত যোগ্যতার সাথে সামঞ্জস্য রেখে এই 2026-27 শিক্ষা বছরের (SY2026-27) অর্থায়ন ব্যবহারের পরিকল্পনার জন্য প্রিন্সিপালগণ তাদের স্কুল লিডারশিপ টিমগুলোর (SLTs) সাথে কাজ করবেন। তারা 2025-26 শিক্ষা বছরের (SY 2025-26) অর্থায়নের ব্যবহারে পরিবর্তন আনার সিদ্ধান্ত নিতে পারেন অথবা SY 2025-26-এর মতো বিদ্যমান কর্মীদের পদসমূহ বা প্রোগ্রামসমূহ বজায় রাখার সিদ্ধান্ত নিতে পারেন।

  - **উদ্দিষ্টকৃত প্রয়াশ এবং এর রক্ষণাবেক্ষণ - $871 মিলিয়ন।**
    - এসব তহবিল (ফান্ড) সুনির্দিষ্ট যোগ্য প্রোগ্রামসমূহের সমর্থনে স্কুলগুলোতে বরাদ্দ দেয়া হয়। যেসব স্কুল বরাদ্দ লাভ করে, সেগুলোকে বাছাই করা হয় (a) সার্বিক শিক্ষার্থী চাহিদা এবং (b) নির্দিষ্ট প্রোগ্রাম সম্পাদনার দক্ষতার ভিত্তিতে।
      - $465 মিলিয়ন – ক্লাসের শিক্ষার্থী সংখ্যা হ্রাসের বাধ্যবাধকতা (চলমান)
      - $183 মিলিয়ন – শিক্ষার্থীর জন্য ন্যায্য অর্থায়ন (ফেয়ার স্টুডেন্ট ফান্ডিং)
      - $ 91 মিলিয়ন – ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা পর্যায়ক্রমিক বাস্তবায়ন
      - $ 86 মিলিয়ন - সমন্বিত সহ-শিক্ষকতার (ইনটিগ্রেটেড কো-টিচিং) ক্লাসরুম
      - $ 30 মিলিয়ন – গ্রীষ্মকালীন বা সামার প্রোগ্রাম (MOE)
      - $ 9 মিলিয়ন – পূর্ণ-দিবস প্রি-কিন্ডারগার্টেন
      - $ 7 মিলিয়ন – অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার সংক্রান্ত ক্লাসরুম

তহবিলের প্রস্তাবিত বন্টন
সিটিব্যাপী

বরাদ্দের ধরন	পরিমাণ	%
স্বেচ্ছাধীন (স্কুলগুলো অনুমোদিত প্রোগ্রামসমূহের মাঝে ব্যবহারের সিদ্ধান্ত নেবে)	$486,584,204	35.84%
ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা হ্রাস করার জন্য C4E (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে)	$465,226,302	34.26%
শিক্ষার্থীর জন্য ন্যায্য অর্থায়ন (ফেয়ার স্টুডেন্ট ফান্ডিং) (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে)	$182,743,166	13.46%
ক্লাসে শিক্ষার্থীর সংখ্যার জন্য পর্যায়ক্রমিক (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে)	$90,772,009	6.69%
সমন্বিত সহ-শিক্ষকতা (ইনটিগ্রেটেড কো-টিচিং) ক্লাসরুম (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে)	$85,981,663	6.33%
গ্রীষ্মকালীন কর্মসূচি বা সামার প্রোগ্রামিং (প্রয়াশ ব্যবস্থাপনা)	$30,577,397	2.25%
পূর্ণ দিবসের প্রি-কিন্ডারগার্টেন (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে)	$8,702,365	0.64%
অটিজম স্পেক্ট্রাম ডিজঅর্ডার ক্লাসরুম (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে)	$7,156,900	0.53%
সর্বমোট	**$1,357,744,006**	**100.00%**

তহবিলের প্রস্তাবিত বণ্টন
ব্রংক্স

বরাদ্দের ধরন	পরিমাণ	%
স্বেচ্ছাধীন (স্কুলগুলো অনুমোদিত প্রোগ্রামসমূহের মাঝে ব্যবহারের সিদ্ধান্ত নেবে)	$123,459,348	36.17%
ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা হ্রাস করার জন্য C4E (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে)	$122,515,593	35.89%
শিক্ষার্থীর জন্য ন্যায্য অর্থায়ন (ফেয়ার স্টুডেন্ট ফান্ডিং) (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে)	$37,635,307	11.03%
ক্লাসে শিক্ষার্থীর সংখ্যার জন্য পর্যায়ক্রমিক (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে)	$26,851,155	7.87%
সমন্বিত সহ-শিক্ষকতা (ইনটিগ্রেটেড কো-টিচিং) ক্লাসরুম (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে)	$22,136,681	6.48%
গ্রীষ্মকালীন কর্মসূচি বা সামার প্রোগ্রামিং (প্রয়াশ ব্যবস্থাপনা)	$6,219,222	1.82%
পূর্ণ দিবসের প্রি-কিন্ডারগার্টেন (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে)	$1,441,387	0.42%
অটিজম স্পেক্ট্রাম ডিজঅর্ডার ক্লাসরুম (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে)	$1,097,860	0.32%
সর্বমোট	**$341,356,553**	**100.00%**

কন্ট্রাক্টস্ ফর এক্সেলেন্স-এর জন্য জনসাধারণের মতামত

- আমরা যখন এই আইনি বাধ্যবাধকতার অনুবর্তিতায় কাজ করছি, তখন আসন্ন সপ্তাহগুলোতে আমরা C4E পরিকল্পনার উপর জনসাধারণের মন্তব্য বিবেচনায় নেব।

- 29 জুলাই, 2026 হলো C4E পরিকল্পনার উপর জনসাধারণের মন্তব্য জমা দেয়ার শেষ তারিখ।

- শিক্ষাবিদ, পিতামাতা, ও দেখাশোনার দায়িত্বপ্রাপ্ত, এবং নিউ ইয়র্ক সিটি কমিউনিটির অন্যান্য সদস্য contractsforexcellence@schools.nyc.gov -ঠিকানায় ইমেইলের মাধ্যমে তাদের মন্তব্য জমা দিতে পারেন।

ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা হ্রাসের পরিকল্পনা

- কন্ট্রাক্ট ফর এক্সেলেন্স গণ-প্রক্রিয়ার অংশ হিসেবে একটি **খসড়া** পরিকল্পনা প্রকাশ করা হয়েছে।
- এই প্রক্রিয়ার মধ্য দিয়ে জনসাধারণ মতামত জানাতে সক্ষম হন।
- জনসাধারণের মতামতের ভিত্তিতে, NYCPS শিক্ষক ও প্রিন্সিপালদের ইউনিয়নের সাথে কাজ করে পরিকল্পনা চূড়ান্ত করবে। আইনের অধীনে, এটা চূড়ান্ত করার আগে এই ইউনিয়নদের অবশ্যই সম্মত হতে হবে।
- পরিকল্পনাটি স্কুল-পর্যায়ে নীতি এবং কেন্দ্রীয়-পর্যায়ে নীতিসমূহের রূপরেখা প্রদান করে।

25-26 শিক্ষা বছরে ডিস্ট্রিক্ট অনুযায়ী অনুবর্তিতা*, 10/31/2025 তারিখ পর্যন্ত

ডিস্ট্রিক্ট	সর্বোচ্চ সংখ্যার নিচে থাকা ক্লাসের শতকরা হার (%)
01 (ম্যানহাটান)	67%
02	65%
03	72%
04	70%
05	78%
06	77%
07 (ব্রংক্স)	78%
08	64%
09	80%
10	69%
11	62%
12	79%
13 (ব্রুকলিন)	78%
14	68%
15	64%
16	80%
17	77%
18	79%
19	65%
20	50%
21	65%
22	51%
23	81%
24 (কুইন্স)	63%
25	61%
26	48%
27	55%
28	56%
29	58%
30	62%
31 (স্ট্যাটেন আইল্যান্ড)	50%
32 (ব্রুকলিন)	81%



সিটি জুড়ে অনুবর্তিতায় ভিন্নতা রয়েছে:

- ডিস্ট্রিক্ট 32 (বুশউইক), 23 (ব্রাউনস্‌ভিল, ওশেন হিল), এবং 16-এর (বেডফোর্ড-স্টাইভেসান্ট, উইকসভিল) শতকরা হারে সর্বোচ্চ সংখ্যক স্কুলের ক্লাসগুলোতে সর্বোচ্চ সংখ্যার সমান বা কম শিক্ষার্থী রয়েছে।
- ডিস্ট্রিক্ট 26 (ফ্লোরাল পার্ক, লিটল নেক, বেসাইড, ফ্রেশ মিডোস), 31 (স্ট্যাটেন আইল্যান্ড), এবং 20-এর (বে রিজ, ফোর্ট হ্যামিল্টন, ডাইকার হাইটস্) স্কুলগুলোতে শতকরা হারে সর্বনিম্ন পরিমাণ ক্লাসে সর্বোচ্চ সংখ্যার সমান বা কম শিক্ষার্থী রয়েছে।

**ব্যতিক্রম অন্তর্ভুক্ত*

ডিস্ট্রিক্ট অনুযায়ী 25-26 শিক্ষা বছরের অনুবর্তিতায়* পরিবর্তন, 10/31/2025 পর্যন্ত

ডিস্ট্রিক্ট	সর্বোচ্চ শিক্ষার্থী সংখ্যার নিচে থাকা ক্লাসগুলোতে শতকরা হারে (%) বৃদ্ধি
01 (ম্যানহাটান)	6%
02	17%
03	19%
04	8%
05	14%
06	17%
07 (ব্রংক্স)	10%
08	8%
09	14%
10	12%
11	16%
12	11%
13 (ব্রুকলিন)	30%
14	16%
15	14%
16	10%
17	17%
18	16%
19	8%
20	15%
21	29%
22	20%
23	0%
24 (কুইন্স)	27%
25	28%
26	23%
27	18%
28	25%
29	17%
30	18%
31 (স্ট্যাটেন আইল্যান্ড)	19%
32 (ব্রুকলিন)	15%



- এলিমেন্টারি গ্রেডগুলো সবচেয়ে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে:
  - K-3 গ্রেডগুলোতে অনুবর্তিতা 28.7 শতাংশ বৃদ্ধি পেয়েছে
  - 4-5 গ্রেডগুলোতে অনুবর্তিতা 23.1 শতাংশ বৃদ্ধি পেয়েছে
- মিডল্ এবং হাই স্কুলগুলোতে অর্থবহ অগ্রগতি হয়েছে:
  - মিডল্ স্কুলে (MS) 20.4 শতাংশ অনুবর্তিতা বৃদ্ধি পেয়েছে
  - হাই স্কুলে (HS) 16.0 শতাংশ অনুবর্তিতা বৃদ্ধি পেয়েছে
- FY26 অর্থায়ন প্রক্রিয়ার মাধ্যমে যেসব স্কুলে অতিরিক্ত শিক্ষকতার পদ অনুমোদন করা হয়েছে সেগুলোতে অনুবর্তিতা 27 শতাংশ বেড়েছে, অন্যদিকে যেসব স্কুলে অতিরিক্ত শিক্ষকতার পদ অনুমোদন করা হয়নি সেগুলোতে 7 শতাংশ বেড়েছে।

**ব্যতিক্রম অন্তর্ভুক্ত*

ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা হ্রাসের পরিকল্পনার সারসংক্ষেপ

- **প্রভাবের সারসংক্ষেপ:** ব্যতিক্রম সহ, 25-26 শিক্ষা বছরের (SY25-26) জন্য, সিটির অনুবর্তিতার হার 64%-এ পৌঁছেছে (ব্যতিক্রম ছাড়া 59.5%), যা আইন অনুযায়ী বাধ্যবাধকতার হার 60%-কে ছাড়িয়ে গিয়েছে।

- **স্থানের উপর নিবিড় অভিনিবেশ:** অনুবর্তিতার জন্য স্বতন্ত্র পথ-পরিক্রমা শনাক্ত করতে NYCPS এবং স্কুল কন্সট্রাকশন অথরিটি (SCA) প্রথমে বিদ্যমান স্থানের সর্বোচ্চ ব্যবহারে অগ্রাধিকার দিয়ে এবং যেখানে প্রয়োজন সেখানে দীর্ঘমেয়াদী সমাধান প্রদান করার মাধ্যমে, পুরো সিস্টেমে 600-টির বেশি স্কুল নিবিড়ভাবে পর্যালোচনা করেছে এবং প্রতিটিতে আলাদা আলাদাভাবে স্থান পরিকল্পনা করেছে। ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা হ্রাস করার প্রচেষ্টায় সহায়তা দিতে এই প্রক্রিয়া নথিভুক্তিতে (এনরোলমেন্ট) পরিবর্তন, বিল্ডিংয়ে স্থান পুনঃবরাদ্দ, A-190 প্রক্রিয়ার ব্যবহার সহ দীর্ঘমেয়াদী এবং দীর্ঘমেয়াদী-নয় এমন বিভিন্ন সমাধানের মিশ্রণ করে।

- **শিক্ষক নিয়োগ এবং সংগ্রহের জন্য অব্যাহত প্রতিশ্রুতি:** বিজ্ঞাপন দেয়া, নিয়োগ দান, এবং যোগাযোগ গড়ে তোলার (নেটওয়ার্কিং) অনুষ্ঠানের প্রতি অব্যাহত প্রতিশ্রুতির মাধ্যমে NYCPS শিক্ষকদেরকে নিয়োগ দেয়ায় প্রতি মনোনিবেশকৃত, এর পাশাপাশি এই প্রচেষ্টায় সহায়তা দিতে রয়েছে $17M তহবিল সহ অতিরিক্ত আগাম প্রতিশ্রুতির প্রয়াশ এবং টিচিং ফেলোজ প্রোগ্রামের সুবিধা প্রদান।

- **শিক্ষক নিয়োগের জন্য তহবিল:** অতিরিক্ত শিক্ষক নিয়োগদান এবং অপেক্ষাকৃত স্বল্প সংখ্যক শিক্ষার্থীর ক্লাসরুমে আরও উচ্চ-মানসম্পন্ন শিক্ষাবিদদের নিয়ে আসতে 2027 অর্থ বছরে স্কুলগুলোতে $244M ($224M হলো C4E) অতিরিক্ত বরাদ্দ দেয়া হবে।

চাহিদার সাথে স্থান এবং দীর্ঘমেয়াদী সংস্থানের সামঞ্জস্য বিধান করার পথ-পরিক্রমা

হাই স্কুলের নীতি এবং প্রোগ্রাম

- নতুন স্থান নয় বরং কেন্দ্রীয় প্রোগ্রাম এবং নীতির সহায়তা আবশ্যক হওয়া স্কুলসমূহ
- সময়সূচিকরণ, স্থানের ব্যবহার, এবং স্টাফ নিয়োগ পর্যালোচনা করতে কেন্দ্রীয় এবং ডিস্ট্রিক্টের যৌথ পরিদর্শন
- ভবিষ্যতে সিস্টেম-পর্যায়ের নীতি সংক্রান্ত প্রস্তাবসমূহে তথ্য প্রদান করতে পারে

দীর্ঘমেয়াদী-নয় – টিয়ার I: নথিভুক্তি বা এনরোলমেন্ট

- খুব কম অতিরিক্ত নথিভুক্তি বা এনরোলমেন্ট
- সময়ের সাথে সাথে নিয়ন্ত্রিত নথিভুক্তি বা এনরোলমেন্ট সামঞ্জস্য করার মাধ্যমে সমাধান করা
- ডিস্ট্রিক্টের পরিকল্পনা, শিক্ষার্থীর নথিভুক্তি বা এনরোলমেন্ট, এবং সুপারিনটেনডেন্টদের সাথে সিদ্ধান্তসমূহ সমন্বয় করা

দীর্ঘমেয়াদী-নয় – টিয়ার I: বিল্ডিংয়ে স্থান

- বিদ্যমান স্থানকে পুনঃবরাদ্দ করার সম্ভাব্যতা সহ সহ-অবস্থানকারী ক্যাম্পাসসমূহ
- বাস্তবায়নযোগ্যতা মূল্যায়ন করতে প্রিন্সিপাল এবং SLT-গুলোর সাথে ডিস্ট্রিক্টের পর্যালোচনা
- যেখানে স্থানের পরিবর্তনে ঐকমত্য হয় তা বাস্তবায়নে DSF সহায়তা করে

দীর্ঘমেয়াদী-নয় – টিয়ার II

- ডিস্ট্রিক্টে বা এলাকায় বিদ্যমান অতিরিক্ত স্থান সঙ্কুলান সক্ষম অন্য কোনো স্থানের নিকটবর্তী স্কুলসমূহ
- ODP এবং কমিউনিটির স্বার্থসংশ্লিষ্টদের সাথে ডিস্ট্রিক্ট-পরিচালিত পরিকল্পনা আবশ্যক করে
- জনগণের পর্যালোচনা এবং PEP-এর অনুমোদন সাপেক্ষে, স্থানান্তর অথবা একত্রীকরণ করা হতে পারে

দীর্ঘমেয়াদী – শুধু হাই স্কুল (HS)

- সীমিত (অর্ধেক-সাইজ) স্থানের চাহিদা, পূর্ণ দীর্ঘমেয়াদী প্রজেক্টসমূহ আবশ্যক নাও হতে পারে
- বিভিন্ন বিকল্প যাচাই করতে সুপারিনটেনডেন্ট টিমগুলোর সাথে যৌথ ফ্যাসিলিটি / স্থান ব্যবস্থাপনার পরিদর্শন
- CTF প্রজেক্টসমূহ তৈরি করা

দীর্ঘমেয়াদী

- স্থানের উল্লেখযোগ্য পরিমাণ স্বল্পতা, প্রায়শই একাধিক রুম আবশ্যক হয়
- ডিস্ট্রিক্টগুলোর সাথে সমন্বয় করে, SCA-নেতৃত্বাধীন বৃহৎ-পরিসরের দীর্ঘমেয়াদী সমাধান শনাক্তকরণ

ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা হ্রাসের পরিকল্পনার জন্য জনসাধারণের মতামত

- আমরা যখন এই আইনের অনুবর্তিতায় কাজ করছি, তখন আসন্ন সপ্তাহগুলোতে আমরা জনসাধারণের মন্তব্য বিবেচনায় নেব।

- জনসাধারণের মন্তব্য জমা দেয়ার শেষ তারিখ 29 জুলাই, 2026।

- শিক্ষাবিদ, পিতামাতা, ও দেখাশোনার দায়িত্বপ্রাপ্ত, এবং নিউ ইয়র্ক সিটি কমিউনিটির অন্যান্য সদস্য ClassSize@schools.nyc.gov -ঠিকানায় ইমেইলের মাধ্যমে তাদের মন্তব্য জমা দিতে পারেন।